চবি’র সাথে চট্টগ্রাম চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি’র চুক্তি সম্পাদিত

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের সাথে ট্রেড বডি’র স্বীকৃত সর্বোচ্চ প্রতিষ্ঠান চট্টগ্রাম চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি’র শিক্ষা-গবেষণা উন্নয়ন, কর্মসংস্হানসহ শিল্প-কারখানার সাথে যোগাযোগ বিষয়ে যৌথ কর্মপরিচালনার লক্ষ্যে একটি সমঝোতা চুক্তি স্বাক্ষরিত হয়েছে।
২৫ নভেম্বর রবিবার বেলা ১২ টায় উপাচার্য দপ্তরে এ চুক্তি সম্পাদিত হয় ।
বিশ্বদ্যালয়ের পক্ষে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. ইফতেখার উদ্দিন চৌধুরী এবং চট্টগ্রাম চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি’র পক্ষে চেম্বারের প্রেসিডেন্ট জনাব মাহাবুবুল আলম এ চুক্তিতে স্বাক্ষর করেন।

1 / 2

চবি’র সাথে চট্টগ্রাম চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি’র চুক্তি সম্পাদিত

এ সময় অন্যান্যের মধ্যে চবি বিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর ড. মোহাম্মদ সফিউল আলম, সমাজ বিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর ড. ফরিদ উদ্দিন আহামেদ, সিন্ডিকেট সদস্য প্রফেসর ড. মোহাম্মদ মহীবুল আজিজ, আইকিউএসি’র পরিচালক প্রফেসর ড. জাহাঙ্গীর আলম ও অতিরিক্ত পরিচালক প্রফেসর ড. সুকান্ত ভট্টাচার্য, আইসিটি সেলের পরিচালক প্রফেসর ড. মো. হানিফ সিদ্দিকী এবং আরবী বিভাগের প্রফেসর ড. মুহাম্মদ গিয়াস উদ্দিন তালুকদার, রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত) জনাব কে এম নুর আহামদ এবং চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি এর সচিব (ভারপ্রাপ্ত) ইঞ্জিনিয়ার মো. ফারুক উপস্হিত ছিলেন।

উপাচার্য চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের সাথে সম্পাদিত এই চুক্তিকে আনন্দচিত্তে স্বাগত জানিয়ে বলেন, এই চুক্তির ফলে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের শিক্ষক-শিক্ষার্থীদের সাথে চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রির যৌথ উদ্যাগে বিভিন্ন সেমিনার, সিম্পোজিয়াম, কন্ফারেন্স, আলোচনা সভা, মতবিনিময় সভা ইত্যাদি আয়োজনের মাধ্যমে উচ্চ শিক্ষা ও গবেষণার গুণগত পরিবর্তন আনয়নে বিশেষ সহায়ক ভূমিকা রাখবে। এছাড়া এ বিশ্ববিদ্যালয়ের গ্র্যাজুয়েটবৃন্দ বিভিন্ন শিল্প-কারখানায় ব্যবহারিক জ্ঞান অর্জনের সুযোগ পাবে এবং তাদের লব্ধ অভিজ্ঞতার আলোেক কর্মসংস্হানেরও সুযোগ সৃষ্টি হবে।
প্রসঙ্গক্রমে তিনি চট্টগ্রাম চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি’র প্রসিডেন্ট চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন কৃতি ছাত্র জনাব মাহাবুবুল আলম-এর শিক্ষা-সমাজ উন্নয়ন এবং দেশে ব্যবসা-বাণিজ্য সম্প্রসারণ ও কর্মসংস্হান সৃষ্টিতে অগ্রণী ভূমিকার ভূয়সী প্রশংসা করেন এবং চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের সার্বিক উন্নয়নে তাঁর ইতিবাচক মনোবৃত্তি অব্যাহত থাকবে এ প্রত্যাশা ব্যক্ত করেন।চট্টগ্রাম চেম্বার অব কমার্স এন্ড

ইন্ডাস্ট্রি’র প্রেসিডেন্ট বলেন, এ বিশ্ববিদ্যালয়ের একজন প্রাক্তন ছাত্র হিসেবে তিনি আজ অত্যন্ত অহংকার ও গর্বিত বোধ করছেন যে , বরেণ্য শিক্ষাবিদ ও সমাজ বিজ্ঞানী এ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. ইফতেখার উদ্দিন চৌধুরীর সুযোগ্য ও গতিশীল নেতৃত্বে বিশ্ববিদ্যালয়ে শিক্ষা-গবেষণার উন্নত পরিবেশ বিরাজমানসহ সার্বিক অর্থে মহান মুক্তিযুদ্ধের অসাম্প্রদায়িক-গণতান্ত্রিক-মানবিক চেতনা সমুন্নত রাখতে এ বিশ্ববিদ্যালয়ের গুণগত পরিবর্তন সকলের কাছে দৃশ্যমান । যার ফলে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় আজ দেশের শীর্ষ বিশ্ববিদ্যালয়।

তিনি আরও বলেন এ চুক্তির ফলে শিক্ষা-গবেষণার উন্নয়নসহ বিজ্ঞানমনষ্ক মানবসম্পদ উৎপাদনে এ চুক্তি দৃশ্যমান ভূমিকা রাখবে। তিনি উভয় পক্ষকে এ চুক্তির সার্বিক কার্যক্রম ফলোআপ-এর মাধ্যমে সফল করার অনুরোধ জানান।

2 / 2